পাপনের পদত্যাগ দাবিতে রাবি শিক্ষার্থীদের মহাসড়ক অবরোধ

সাকিব আল হাসানের শাস্তির প্রতিবাদে ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপনের পদত্যাগের দাবিতে ঢাকা- রাজশাহী মহসড়ক অবরোধ করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীরা। বুধবার সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের মেইন গেইটে অবরোধ কর্মসূচি পালন শেষে একটি বিক্ষোভ মিছিল নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করেন তারা।

এসময় তিন দফা দাবি জানিয়ে বিভিন্ন স্লোগান দিতে থাকেন শিক্ষার্থীরা। তাদের দাবি-বিসিবি থেকে নাজমুল হাসান পাপনের অপসারণ, আইসিসির সিদ্ধান্তকে পুনঃবিবেচনা করে আন্তর্জাতিক ক্রিকেটসহ সব ধরনের ক্রিকেটে সাকিবকে ফিরিয়ে আনা ও বিসিবিকে মেরুদণ্ড সোজা করে বিশ্ব ক্রিকেটে প্রতিনিধিত্ব করতে হবে।

শিক্ষার্থীরা বলেন, বাংলাদেশের উজ্জ্বল নক্ষত্রকে নিভিয়ে দিতে নানাভাবে দেশি-বিদেশি ষড়যন্ত্র চলছে। যখন বাংলাদেশের ক্রিকেটাররা তাদের বেতন নিয়ে ধর্মঘট শুরু করে তখন সাকিবের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে বলে জানান বিসিবি সভাপতি। এরপরই সাকিবকে শাস্তির সিদ্ধান্ত নেয় আইসিসি। বিসিবি থেকে পাপনকে দ্রুত অপসারণ করতে হবে। সে বিসিবির দায়িত্বে থাকার যোগ্য নয় বলে আমরা মনে করি।

এদিকে আইসিসির সিদ্ধান্তকে পুনঃবিবেচনার দাবিতে বেলা ১১টায় একটি মৌন মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের শহীদ তাজউদ্দিন আহমেদ সিনেট ভবনের সামনে মৌন মানববন্ধন করেছে শিক্ষার্থীদের আরেকটি অংশ। এতে একাত্মতা জানিয়ে অংশ নেয় অর্থনীতি বিভাগের প্রফেসর ফরিদ উদ্দিন খান।